



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৫.১৯.০১২.২০০৪- ২০০৫

তারিখঃ ২০ জুন ২০১৮ খ্রিঃ।

যুগ্ম পরিচালক (সার)
বিএডিসি, দিনাজপুর।

বিষয়ঃ দিনাজপুর অঞ্চলের পার্বতীপুর উপজেলার খামার জগন্নাথপুর মৌজায় বিএডিসি'র ২.৪৪ একর খাল-ডোবা ভাড়া চুক্তি নবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-৩৭৭ তারিখঃ ১৩/০২/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পার্বতীপুর উপজেলাস্থ খামার জগন্নাথপুর মৌজায় অবস্থিত বিএডিসির সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন ২.৪৪ একর বিশিষ্ট খাল-ডোবার বার্ষিক ভাড়া ৬৯,৫৭০/- টাকা নির্ধারণপূর্বক জনাব মোঃ শহীদুল ইসলাম রঞ্জু এর অনুকূলে ০১/০৪/২০১৭ হতে ৩১/০৩/২০১৯ তারিখ পর্যন্ত ০২ বছরের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ভাড়া চুক্তি নবায়নের প্রশাসনিক আদেশ জারি করা হলোঃ-

শর্তাবলিঃ

১. ভাড়াটিয়া কি কাজে গুদাম ব্যবহার করে তা চুক্তিপত্রে সন্নিবেশিত থাকতে হবে। তাছাড়া ভাড়াটিয়ার ব্যবসার ধরন কি ভাড়াটিয়াকে তারও প্রত্যয়ন পত্র দিতে হবে।
২. ভাড়া বৃদ্ধির শর্ত চুক্তিপত্রে সন্নিবেশ করতে হবে।
৩. সংস্থা/ভাড়াটিয়ার প্রয়োজনে ৯০ (নব্বই) দিনের নোটিশে ভাড়াটিয়া বিনা শর্তে গুদাম ও স্থাপনা ছেড়ে দেয়ার কথা চুক্তিনামায় লিপিবদ্ধ থাকতে হবে।
৪. সরকারি নিয়মানুযায়ী গুদাম ভাড়ার উপর ভাড়াটিয়া ভ্যাট ও উৎসকর পরিশোধের শর্ত চুক্তিপত্রে লিপিবদ্ধ থাকতে হবে।
৫. ভাড়াটিয়াকে নিজ খরচে গুদাম মেরামত করতে হবে। গুদাম মেরামত খরচ, এ উদ্দেশ্যে ব্যাংক লোন গ্রহণ, অন্যান্য মেরামতসহ গুদাম রক্ষণাবেক্ষণ ইত্যাদি কাজে ব্যবহৃত খরচ ভাড়াটিয়া দাবি করতে পারবে না মর্মে চুক্তিপত্রে প্রখ্যাপন করতে হবে।
৬. চেয়ারম্যান/কমিশনার প্রদত্ত ভাড়াটিয়ার নাগরিকত্ব সনদপত্র প্রদান করতে হবে।
৭. ভাড়ার টাকা পরিশোধ করার জন্য প্রয়োজনীয় আর্থিক সংগতি রয়েছে কিনা তা প্রমাণের জন্য ভাড়াটিয়ার আর্থিক স্বচ্ছলতা সংক্রান্ত সনদপত্র প্রদান করতে হবে।
৮. প্রতি ইংরেজি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে ভাড়া আদায় করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া পরিশোধ না করলে ভাড়াটিয়ার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৯. সংশ্লিষ্ট যুগ্ম পরিচালক কর্তৃক সত্যায়িত ভাড়াটিয়ার ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি চুক্তিপত্রের সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, গুদাম ভাড়া, ভ্যাট, উৎসকর ও অন্যান্য পাওনা আদায়পূর্বক নিয়মিত মাসিক প্রতিবেদন সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।
১০. চুক্তিপত্রে আরবিট্রেশনের বিষয়ে প্রখ্যাপন করতে হবে।

এমতাবস্থায়, বর্ধিত হারে ০৬ (ছয়) মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ জামানত, বকেয়াসহ হালনাগাদ ভাড়া, ভাড়ার উপর ভ্যাট এবং অন্যান্য পাওনা আদায়ের প্রমাণকসহ পার্বতীপুর উপজেলাস্থ খামার জগন্নাথপুর মৌজায় অবস্থিত বিএডিসির সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন ২.৪৪ একর বিশিষ্ট খাল-ডোবার উল্লিখিত সময়ের চুক্তি সম্পাদনের নিমিত্তে শর্ত চুক্তিপত্রে প্রতিস্থাপনপূর্বক চুক্তিনামার খসড়া (বাংলায়) গ্রহণ করে যথাসময়ে অত্র দপ্তরে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(আশুতোষ লাহড়ী)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. জনাব মোঃ শহীদুল ইসলাম (রঞ্জু), পিতা-মরহুম রফিক উদ্দিন সরকার, আমিরগঞ্জ, নতুন বাজার, পার্বতীপুর, দিনাজপুর।
২. সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৩. অফিস কপি।